You can ask for this leaflet in large print, on audio tape or in another language. Please contact us on 020 8709 4300.

আপনি এই লিফলেটটি বড় ছাপায়, অডিও টেপে বা অন্য যে কোন ভাষায় পেতে পারেন। দয়া করে আমাদের সাথে যোগাযোগ করুন ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে। [Bengali]

Waxaad dalban kartaa warqaddan oo ku daabacan farta waawayn, iyadoo ku duuban cod ama ku tarjuman luqadaha beesha. fadlan nagala soo xidhiidh telefoonka ah 020 8709 4300. [Somali]

Możesz poprosić o tę ulotkę drukowaną dużą czcionką, w postaci zapisu audio lub w innym z języków społeczności. Skontaktuj się z nami pod numerem telefonu 020 8709 4300. [Polish]

Quý vị có thể xin tờ rơi (tờ thông tin) này bằng khổ chữ lớn, băng ghi âm hoặc tiếng nói khác trong cộng đồng. Xin vui lòng liên lạc với chúng tôi, điện thoại số 020 8709 4300. [Vietnamese]

你可要求這份單張的大字印刷本、錄音或其他社區語言的版本，請致電 020 8709 4300 與我們聯絡。 [Chinese]

آپ یہ کتابچہ بڑے حروف، آڈیو یا کسی دوسری کمیونٹی زبان میں طلب کر سکتے ہیں۔ براہ مہربانی ہم سے فون نمبر 020 8709 4300 پر رابطہ کریں۔ [Urdu]

Awarded for excellence

INVESTOR IN PEOPLE

North River Alliance

Gateway Housing Association
409-413 Mile End Road, London, E3 4PB
Residents: 020 8709 4300
General enquiries: 020 8709 4409
Fax: 020 8709 4400
Email: enquiries@gatewayhousing.org.uk
www.gatewayhousing.org.uk

আমরা আপনাদেরকে যে সার্ভিসগুলো প্রদান করব এই লিফলেটের মাধ্যমে সেসম্পর্কে তথ্য প্রদান করা হল। টেন্যান্সি এগ্রিমেন্ট অনুযায়ী আপনার যে অধিকারগুলো আছে এই লিফলেট তাতে কোন পরিবর্তন আনবে না। **এই লিফলেটটি তৈরী করতে যে বাসিন্দারা সাহায্য করেছেন তাদেরকে অনেক অনেক ধন্যবাদ।**

Published December 2009

8

আপনারা কিভাবে ভাড়া পরিশোধ করবেন

Paying Your Rent
– Bengali translation

gateway housing association

আপনাদের ল্যান্ডলর্ড হিসাবে আমাদের উদ্দেশ্য হচ্ছে আপনাদেরকে খুব ভালো মানের রেন্ট সার্ভিস প্রদান করা।

আমাদের সার্ভিসসমূহ:

- আপনাদের কাছ থেকে ভাড়া আদায় করা;
- ভাড়া পরিশোধ করার জন্য আপনাদেরকে অনেক ধরনের সুযোগ দেয়া;
- হাউজিং বেনিফিট ও অন্যান্ন বেনিফিট পাওয়ার ব্যাপারে আপনাদেরকে পরামর্শ দেয়া;
- আপনার কোন ডেব্‌ট থাকলে তা কিভাবে ম্যানেজ করবেন সে ব্যাপারে পরামর্শ দেয়া;
- আপনাদেরকে নতুন ও রিপ্লেসমেন্ট রেন্ট কার্ড প্রদান করা;
- আপনাদেরকে আপ-টু-ডেট রেন্ট স্টেটমেন্ট দেয়;
- আপনার ভাড়া বকেয়া হলে আপনাকে সাহায্য করা;
- প্রযোজ্য হলে, আপনার ভাড়া ফেরত দেয়া; এবং
- আপনার তথ্যের গোপনীয়তা বজায় রাখা।

আপনি কিভাবে ভাড়া পরিশোধ করবেন

অনেকগুলো উপায়ে আপনি ভাড়া পরিশোধ করতে পারেন।

- **ডাইরেক্ট ডেবিট অথবা স্ট্যান্ডিং অর্ডারের মাধ্যমে** - আপনার ব্যাংক এ্যাকাউন্ট থেকে সরাসরি ভাড়া নেয়া হয়।
- **অনলাইনে** - অনলাইনে www.allpay.net ওয়েবসাইটে আপনার রেন্ট পেমেন্ট কার্ড ব্যবহার করে ডেবিট কার্ডের মাধ্যমে আপনি ভাড়া দিতে পারেন।
- **ফোনে - অটোমেটেড সার্ভিস** - ০৮৭০ ৭৭০ ০৪৭২ নম্বরে ফোন করে আপনার রেন্ট পেমেন্ট কার্ড ও ডেবিট কার্ড ব্যবহার করে ভাড়া দিতে পারেন।
- **ফোনে - কল পে** (call pay) কে ফোন করে - ফোনে ভাড়া নেয়ার জন্য আমাদের কর্মচারীদেরকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। কেবল ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে ফোন করে আপনার রেন্ট কার্ড নম্বর অথবা রেফারেন্স নম্বর দিন। আপনার ডেবিট বা ক্রেডিট কার্ড থেকে আপনি ৪০০০ পাউন্ড পর্যন্ত ভাড়া দিতে পারেন। আপনার ব্যাংক থেকে পেমেন্ট অনুমোদিত হলে আমরা আপনাকে একটি কনফার্মেশন নম্বর দেব।
- **আপনার রেন্ট কার্ড** কিভাবে ব্যবহার করবেন তা জানার জন্য অপর পৃষ্ঠার টেবিল দেখুন।
- **টেক্সটের মাধ্যমে** - টেক্সট মেসেজের মাধ্যমেও আপনি ভাড়া দিতে পারেন। আপনার এ্যাকাউন্ট খোলার জন্য https:/www.allpayments.net/textpay ওয়েবসাইট ভিজিট করুন। এ্যাকাউন্ট খোলার পরে পে ('pay')-এর ৮১০২৫ নম্বরে ভাড়ার পরিমান, আপনার কোড এবং পাসওয়ার্ড টেক্সট করে পাঠিয়ে দিন।
- **পোষ্টে** - গেটওয়ে হাউজিং অ্যাসোসিয়েশন, ৪০৯-৪১৩ মাইল এন্ড রোড, লন্ডন ই৩ ৪পিবি-এই ঠিকানায় আমাদের কাছে চেক বা পোষ্টাল অর্ডার পাঠিয়েও আপনি আপনার ভাড়া পরিশোধ করতে পারেন।
- **আমাদের অফিসে এসে** - আমরা কেবল চেক গ্রহণ করি।
- **হাউজিং বেনিফিট** - আপনার ভাড়া বাবদ আপনি যদি হাউজিং বেনিফিট পেয়ে থাকেন তাহলে তা আমাদের কাছে সরাসরি পরিশোধের ব্যবস্থা করতে পারেন।

আপনি ভাড়া দেয়ার জন্য কোথায় আপনার রেন্ট কার্ডটি ব্যবহার করতে পারবেন তা নিচের টেবিলে দেখানো হল:

কোথায়?	ডেবিট কার্ডের মাধ্যমে	চেকে	নগদে
যেকোন পোষ্ট অফিসে	না	হ্যা	হ্যা
যে কোন জায়গায় যেখানে পেপয়েন্টের সাইন আছে	না	কিছু	হ্যা
যে কোন জায়গায় যেখানে পেজোনের সাইন আছে	কিছু	কিছু	হ্যা
যে কোন জায়গায় যেখানে ই-পে সাইন আছে	কিছু	কিছু	হ্যা

হাউজিং বেনিফিটে আপনার ভাড়া যদি পুরোপুরি শোধ না হয় তাহলে উপরের যে কোন পদ্ধতিতে ভাড়ার বাকি অংশ আপনাকে পরিশোধ করতে হবে।

আমাদের সার্ভিসের উদ্দেশ্য

- **রেন্ট স্টেটমেন্ট** - প্রতি তিন মাস পরপর আমরা আপনাকে রেন্ট স্টেটমেন্ট পাঠাব এবং আপনি যখনই চাবেন তখনই আপনাকে নতুন স্টেটমেন্ট পাঠানো হবে।
- **ভাড়া ফেরত** - আপনার ভাড়া এ্যাকাউন্ট যদি ক্রেডিট হয় তাহলে আপনি চাইলে তা আপনাকে ফেরত দেয়া হবে।

আপনার ভাড়া বকেয়া হলে দুই তিন সপ্তাহের মধ্যেই আমরা আপনার সাথে যোগাযোগ করব।

আপনার ভাড়া ও সার্ভিস চার্জ বৃদ্ধির চার সপ্তাহ আগে আমরা আপনাকে জানাব।

আপনি ভাড়া দিতে না পারলে কি হবে

আপনি যদি সময়মত ভাড়া দিতে না পারেন তাহলে যে বিষয়গুলো আপনাকে অবশ্যই জানতে হবে তা হলো:

- আপনি যদি ট্রান্সফার কিংবা রাইট টু এ্যাকুয়ারের জন্য আবেদন করে থাকেন তা স্থগিত থাকবে;
- অন্য কোন টেন্যান্টের সাথে আপনার বাসা পরিবর্তনের অধিকার থাকবে না; এবং
- আপনি বাড়িও হারাতে পারেন।

আপনার ভাড়া বকেয়া হলেই পরামর্শের জন্য আমাদেরকে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে ফোন করুন।

বিস্তারিত জানার জন্য কিংবা কোন সাহায্য বা পরামর্শের জন্য দয়াকরে আমাদের কাস্টমার সার্ভিস টীমকে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে ফোন করুন।